

# শিক্ষক সমিতির সদস্যরা উদযাপন করলেন নতুন ক্লাবের জন্ম

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২১:২৯, ২১ অক্টোবর ২০২৫



ছবি: জনকঠ

ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে  
গতকাল উদ্বোধন করা হয়েছে “বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্লাব”। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য  
প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্লাবটির  
আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড.  
জয়নুল আবেদীন সিদ্দিকী, এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. মিজানুর  
রহমান।

এছাড়া কলা অনুষদের অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ এইচ এম কামাল, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. সাখাওয়াত হোসেন সরকার, বিদ্রোহী হলের হল প্রভেস্ট অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম।

বাংলা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মাওলা প্রিন্স, ফাইন্যান্স বিভাগের বিভাগীয় প্রধান ড. সোহেল রানা, ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান ড. মুহাম্মদ শামসুজ্জামান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মো. শফিকুল ইসলাম এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিবর্গ বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্লাবটি শিক্ষকদের মধ্যে পারস্পরিক সম্পর্ক, সহযোগিতা ও পেশাগত বন্ধন দৃঢ় করবে। যদিও ক্লাবটি অস্থায়ীভাবে

চলবে, তবে খুব দ্রুত আলাদা ভবনে শিক্ষকদের স্থায়ী ক্লাব নির্মিত হবে বলে উপাচার্য আশ্বাস দেন। একাডেমিক উৎকর্ষতা, গবেষণা এবং বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়নেও এই ক্লাব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন উপস্থিত ব্যক্তিবর্গ।

উদ্বোধন শেষে শিক্ষক ও কর্মকর্তাদের অংশগ্রহণে এক সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়। পুরো অনুষ্ঠানজুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ। উপাচার্যের একান্ত প্রচেষ্টায় শিক্ষকদের প্রথমবারের মত পৃথক ক্লাব প্রতিষ্ঠিত হয়।